দৈনিক জনকণ্ঠ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...



রাজশাহী ঃ রাবি'র সোহরাওয়ার্দী হলের কাছে মঙ্গলবার শিবির সন্ত্রাসীরা যুবলীগ নেতা রফিকুল ইসলাম বেলালের হাত-পা ভেঙ্গে দিয়েছে —জনকণ্ঠ

# রাবি ক্যাম্পাসের উচ্ছেদ করা ভ্রাম্যমাণ দোকানগুলো দখল করে নিয়েছে ছাত্রদল ও শিবির ক্যাডাররা

রাজশাহী, ৬ নবেম্বর, সংবাদদাতা ॥ এবার রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভ্রাম্যমাণ দোকান মালিকদের উচ্ছেদ করে তা দখল করেছে ছাত্রদল ও ছাত্রশিবিরের ক্যাডাররা। ক্যাম্পাস সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়সংলগ্ন মেহেরচণ্ডী গ্রামের এক যুবদল নেতা ইতোমধ্যে উচ্ছেদকৃত কয়েকটি প্লটের স্থান দখল করে সেখানে অবৈধভাবে পাকা ঘর নির্মাণ শুরু করেছে। দখলকৃত দোকানগুলোর মধ্যে অন্তত ৪টির দখল নিয়েছে বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী এলাকার শিবির ক্যাডাররা।

সূত্র জানায়, রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসন ক্যাম্পাসে আসা ভ্রাম্যমাণ খাবার ও চায়ের দোকানসহ অন্য দোকানপাট একটি নির্দিষ্ট স্থানে বসাবার জন্য তালিকা তৈরি করে। কিছুদিন আগে তালিকাভুক্ত ভ্রাম্যমাণ দোকানগুলো প্রশাসন ভবনের উত্তরের আমতলায় বসার অনুমতিও দেয়া হয়। কর্তৃপক্ষের সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী ২৬টি ভ্রাম্যমাণ দোকান মালিকরা প্রতিমাসে ১শ' টাকা ভাড়া পরিশোধ করে আসছেন। সূত্র মতে, গত ১ অক্টোবরের সাধারণ নির্বাচনে চারদলীয় জোট ক্ষমতায় আসার পর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সমর্থনে মেহেরচণ্ডী গ্রামের এক যুবদল নেতা বেশ কয়েকটি দোকান দখল করে নিয়েছে।

অন্যদিকে নাম প্রকাশে অনিচ্ছুক প্লট বরাদ্দপ্রাপ্ত একজন মালিক জানান, বিশ্ববিদ্যালয় এস্টেট অফিসারের সুপারিশ অনুসারে বরাদ্দ দেয়ার স্বচ্ছতা নিয়েও প্রশ্ন উঠেছে। তিনি অভিযোগে বলেন, চলতি বছর সেপ্টেম্বর মাসে বরাদ্দকৃত প্লটসমূহের মধ্যে ৪টি প্লট বিশ্ববিদ্যালয়ে কর্মরত ৪ কর্মকর্তার সন্তানের নামে রয়েছে।

### *শিবির ক্যাডারের হামলা*

মঙ্গলবার বেলা ১১টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলের কাছে যুবলীগ নেতা রফিকুল ইসলাম বেলালের হাত-পা ভেঙ্গে দিয়েছে ৬ শিবির সন্ত্রাসী। তার বাড়ি পার্শ্ববর্তী মেহেরচণ্ডীতে। ১৬ ফেব্রুয়ারি শিবির ক্যাডারদের সঙ্গে এলাকাবাসীর সংঘর্ষের জের ধরে তার ওপর হামলা হয়েছে বলে জানা গেছে। তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

### *গ্যাস রফতানির প্রক্রিয়ার প্রতিবাদে মানববন্ধন*

গ্যাস রফতানির প্রক্রিয়ার প্রতিবাদে মঙ্গলবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। জাতীয় সম্পদ ও পরিবেশ সংরক্ষণ কমিটির উদ্যোগে সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় মেইন গেটসংলগ্ন রাজশাহী-নাটোর মহাসড়কে মানববন্ধন কর্মসূচীতে শিক্ষক, প্রগতিশীল সাংস্কৃতিক ও রাজনৈতিক সংগঠন ছাড়াও প্রায় পাঁচ শতাধিক ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। এক ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচী শেষে সমাবেশে বক্তব্য রাখেন রাবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মুহাম্মদ মিজান উদ্দিন, কমিটির আহ্বায়ক পরিসংখ্যান বিভাগের শিক্ষক ড. মোহাম্মদ নাসের, কৃষি সম্প্রসারণ বিভাগের সভাপতি ড. গোলাম কবির, পিএম শফিকুল ইসলাম, ছাত্র ফেডারেশনের আহ্বায়ক মুরাদ মোরশেদ প্রমুখ।